

# নতুন দুই মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ পেলেন

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত গুদাম পরিদর্শনে স্বাস্থ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক >

দেশের নতুন দুটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের দুই উপাচার্য নিয়োগ দেওয়া হয়েছে গতকাল সোমবার। চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল অনুষদের তিন ও ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. ইসমাইল খান এবং রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে রাজশাহী মেডিক্যাল কলেজের সদ্য অবসরে যাওয়া অধ্যক্ষ অধ্যাপক ডা. মাসুম হাবিবকে। রাষ্ট্রপতি ও চ্যাপেলর মো. আবদুল হামিদ তাঁদের নিয়োগ প্রদান করেছেন। গতকাল বিকেলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এসংক্রান্ত এক প্রজ্ঞাপন জারি করেছে।

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত গুদাম পরিদর্শনে স্বাস্থ্যমন্ত্রী : গত শনিবার রাতে রাজধানীর মহাখালীতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পণ্যাগারে অগ্নিকাণ্ডের পর গতকাল ঘটনাস্থল

পরিদর্শন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। এ সময় তিনি সাংবাদিকদের বলেন, দেশের ৪৮৮টি উপজেলা ও ২১টি আঞ্চলিক সংরক্ষণাগারে তিন মাসের ওষুধসামগ্রী মজুদ আছে। সরকার নতুন করে আরো ওষুধ ও অন্যান্য উপকরণ সংগ্রহের উদ্যোগ নেবে। ফলে ভবিষ্যতে ওষুধের কোনো বড় সংকট সৃষ্টি হবে না। স্বাস্থ্যমন্ত্রী জানান, অগ্নিকাণ্ডের পর এর কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ণয়ে মন্ত্রণালয় ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর তিনটি কমিটি গঠন করেছে। কমিটিগুলো এরই মধ্যে কাজ শুরু করেছে। তবে গুদামটি অনেক পুরনো ও বর্তমান সমন্বয়যোগ্য নয়। এখানে একটি আধুনিক মানের ভবন নির্মাণের উদ্যোগ নেওয়া হবে বলেও মন্ত্রী জানান। এ সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক ডা. কাজী মোস্তফা সারোয়ারসহ অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ব্যানবেইস পরিচালকের বার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
	স্বাক্ষর